

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱৰ্তো  
 ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱৰ্তো (বিএমডি)-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে সেবা প্রদান প্রতিশুতি  
 বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী (দ্বিতীয় সভা)

|                 |  |
|-----------------|--|
| সভাপতি :        | জনাব মোঃ মোঃ আঃ খালেক মল্লিক, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিএমডি |
| তারিখ :         | ১৩ মার্চ ২০২৩  |
| সময় :          | সকাল ১০.৩০ ঘটিকা   |
| সভার স্থান :    | বিএমডির সভা কক্ষ   |
| সভার উপস্থিতি : | পরিশিষ্ট-ক   |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মৌলভীবাজার ও ময়মনসিংহ জেলার ইজারাদার/ইজারাপ্রত্যাশী, এভারলাস্ট মিনারেলস এর প্রতিনিধি, জিএসবি ও হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধি এবং বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এ সভায় উপস্থিত ছিলেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱৰ্তোর সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱৰ্তো (বিএমডি)-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সেবা প্রদান প্রতিশুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। দ্বিতীয় কোয়ার্টারে প্রথম সভাটি আয়োজন করা হয়েছিল। বিএমডি যে সকল সেবা প্রদান করে থাকে তা মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সেবা প্রদান প্রতিশুতি প্রণয়ন করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বিএমডি প্রদত্ত সেবাকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা এই ০৩ ভাগে ভাগ করা হয়েছে। নাগরিক সেবাসমূহ হচ্ছে অনুসন্ধান লাইসেন্স প্রদান, খনি ইজারা প্রদান, কোয়ারি ইজারা প্রদান। এই সেবাসমূহ কিভাবে প্রদান করা হয়, সেবা পেতে কত দিন সময় লাগে, কোন সেবা কোন কর্মকর্তা প্রদান করে তা বিস্তারিতভাবে উল্লেখ রয়েছে।

৩.০ সভাপতি আগত সেবাগ্রহীতাদের পক্ষ থেকে জানতে চাইলে মৌলভীবাজার থেকে আগত ইজারা প্রত্যাশী ব্যাক্তিগণ বলেন, মৌলভীবাজার জেলায় সিলিকা বালু কোয়ারি ইজারা ২০১৮ সাল থেকে বন্ধ রয়েছে। কিন্তু প্রতিবছর পাহাড়ী ঢলে আগত বিপুল পরিমাণ সিলিকা বালু বিভিন্ন প্রভাবশালী মহল কর্তৃক নিয়মিত অবৈধভাবে উত্তোলন ও অপসারণ করা হচ্ছে। স্থানীয় প্রশাসন কর্তৃক সিলিকাবালু জন্ম করে নিলামের ব্যবস্থা করা হচ্ছে। বিএমডির সহকারী পরিচালক (ডু-রসায়ন) স্থানীয় প্রশাসন কর্তৃক জন্ম সিলিকাবালু নিলামের বিষয়ে বিএমডিকে অদ্যাবধি অবহিত করা হয়নি। খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী অবৈধভাবে উত্তোলিত খনিজ সম্পদ জন্ম করে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় নিলামে বিক্রয় করে প্রাপ্ত অর্থ বিএমডির কোডে জমাদানের বিধান রয়েছে। তিনি জানান, পরবর্তীতে স্থানীয় প্রশাসন কর্তৃক সিলিকাবালু জন্ম করা হলে বিএমডির ০১ (এক) জন প্রতিনিধির উপস্থিতিতে নিলামের ব্যবস্থা করার জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজারকে পত্র প্রেরণ করা যেতে পারে।

৪. জিএসবির প্রতিনিধি উপপরিচালক জনাব মোহাম্মদ আলমগীর কবির বলেন, খনিজ সম্পদ উত্তোলনের ফলে পরিবেশের ক্ষেত্রে প্রয়োজন হচ্ছে তার যে অর্থনৈতিক মূল্য খনিজ সম্পদ উত্তোলনের ফলে সরকারের রাজস্ব আহরণ এবং পরিবেশের নাব্যতা রক্ষার্থে যদি ভূমিকা রাখে তবে খনিজ সম্পদ উত্তোলনের পক্ষে তিনি মত প্রদান করেন। হাইড্রোকার্বন ইউনিটের প্রতিনিধি জনাব মেহেদী হাসান বিএমডি

বিভিন্ন ধরণের খনিজ পদার্থের তথ্য সংগ্রহ করে গবেষনায় জন্য ডাটা এবং সচিত্র খনিজের অবস্থার তথ্য তাদের গবেষনাকে সমৃদ্ধ করবে মর্মে প্রস্তাব প্রদান করেন। এভারলাস্ট মিনারেলসের প্রতিনিধি জনাব মোঃ বাহরুল আলম বিশ্বাস, জেনারেল ম্যানেজার বলেন, বিএমডি কর্তৃক গাইবাঙ্কা জেলার সদর ও ফুলছড়ি উপজেলার অন্তর্গত ব্রহ্মপুত্র-যমুনা নদীর চর এলাকার ৪০০০ (চার হাজার) হেক্টের ভূমিতে খনিজ বালু অনুসন্ধানের লক্ষ্যে এভারলাস্ট মিনারেলস লিমিটেড এর অনুকূলে অনুসন্ধান লাইসেন্স মঞ্চের প্রদান করা হয়েছিল এবং অনুসন্ধান শেষে তারা প্রতিবেদন দাখিল করে। বর্তমানে উক্ত এলাকায় ০৩ (তিনি) টি ব্লকে সর্বমোট ২৩৯৫ হেক্টের এলাকা খনি ইজারার জন্য আবেদন করে।

#### সিদ্ধান্ত :

১. অবৈধভাবে উত্তোলিত সিলিকাবালু জন্ম করা হলে বিএমডির প্রতিনিধির উপস্থিতিতে নিলাম প্রদানের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার-কে পত্র প্রেরণ করতে হবে।
২. অবৈধভাবে পাথর উত্তোলন বক্তে সরেজমিন কোয়ারি পরিদর্শন অব্যাহত রাখতে হবে;

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




(মোঃ আঃ খালেক মল্লিক)  
 মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
 ফোন : ৮৩৯১৫৬৭  
 ফ্যাক্স : ৯৩৩৪২১৫  
 ই-মেইল : [dg@bomd.gov.bd](mailto:dg@bomd.gov.bd)

নং-২৮.০৭.০০০০.০০৮.৩৫.০০১.০২ (অংশ-৬).১৪২

তারিখ : ০৫ চৈত্র ১৪২৯  
১৮ মার্চ ২০২০

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যালয়ে (জেন্ট্যুতার ক্রমানুসারে নয়)

- ১। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২। উপপরিচালক (সকল)..... বিএমডি, ঢাকা;
- ৩। সহকারী পরিচালক (সকল)..... বিএমডি, ঢাকা;
- ৪। সেবাগ্রহীতা/ইজারাপ্রত্যাশী/অংশীজন (সকল) জনাব.....;
- ৫। পি.এ টু মহাপরিচালক/পরিচালক, বিএমডি, ঢাকা;
- ৬। অফিস কপি।



(মোসাঃ মাহবুব খাতুন)  
 সহকারী পরিচালক (ভূতত্ত্ব)